



এ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

সূত্রঃ ২০২৪-২০২৭/নোঃ/ নং- ০০১

তারিখঃ ১০-০৫-২০২৪

আসসালামু আলাইকুম,

সম্মানিত কার্যনির্বাহী সদস্যবৃন্দ, এ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল, প্রথমে শুভেচ্ছা জানাচ্ছি নতুন দায়িত্ব গ্রহণের জন্য। আপনার উপর ন্যস্ত দায়িত্ব যাতে সুন্দর ভাবে পালন করতে পারেন, এই জন্য শুভ কামনা রইল। শুধু দায়িত্ব পেলেই তো হবে না, সেটা সঠিক ভাবে পালনের জন্য চাই সঠিক দিক নির্দেশনা। আমরা নব নির্বাচিত সভাপতি ও মহাসচিব হিসাবে দিক নির্দেশনা দেয়ার জন্য আপনার পাশে সব সময় থাকব ইনশাআল্লাহ। আমরা আপনার সহযোগিতা চাই এই সংগঠনকে সুন্দর ও সফল ভাবে সবাইকে নিয়ে সামনে এগিয়ে নেয়ার জন্য। তাই আমরা আপনার কাছে জানতে ইচ্ছুক যে সামনের দিনগুলিতে আপনি কিভাবে আমাদের সংগঠনকে এগিয়ে নিতে চান। এগিয়ে নেয়ার কাজ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য আপনি কি কি পদক্ষেপ নিতে চান, এবং এই পদক্ষেপ সমূহ যথাযথ বাস্তবায়নের জন্য আপনার কি ধরনের সহায়তার প্রয়োজন।

পরিশেষে আপনার উপর অপূর্ণ দায়িত্বের ১ বছরের কার্যপরিকল্পনা আগামী ২য় কার্যনির্বাহী কমিটির সভার ৩ দিন পূর্বে দপ্তর সম্পাদকের নিকট জমা দেয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে।

অনুরোধক্রমে,

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
এ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
এ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল